গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেহেন্দিগঞ্জ ,বরিশাল ।

স্মারক নং- ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.২০২২.৭১৫ তারিখ ঃ ০১-০৯-২০২২ খ্রি.।

## উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২২ খ্রি. মাসের মাসিক সভার নোটিশ।

আগামী ০৮-০৯-২০২২খ্রি. তারিখ রোজঃ বৃহস্পতিবার সকাল ১১ঃ৩০ ঘটিকায় উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২২ খ্রি. মাসের মাসিক সভা জনাব এ,কে,এম মাহফুজ-উল-আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। প্রত্যেক অফিস প্রধানকে তাদের বিভাগীয় কার্যক্রমের ০১(এক) প্রস্থ প্রতিবেদন সভার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ।
০২। বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা।
০৩। বিবিধ।

(মোঃ নূরুননবী)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল
ফোন ঃ ০৪৩২৫-৫৬০০৩(অফিস)।
E-mail:unomehendiganj@gmail.com

স্মারক নং- ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.২০২২.৭১৫(৬০) তারিখ ঃ ০১-০৯-২০২২ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য-১২২, বরিশাল-৪(হিজলা-মেহেন্দিগঞ্জ) নির্বাচনী এলাকা।
০২। জেলা প্রশাসক, বরিশাল।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৪। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৭। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ উপজেলা কমান্ড, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৮। উপজেলা ..................................................................অফিসার (সকল) , মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৯। চেয়ারম্যান,আন্ধারমানিক/লতা/চরএককরিয়া/উলানিয়া উত্তর/উলানিয়া দক্ষিণ/মেহেন্দিগঞ্জ/বিদ্যানন্দপুর/ভাষানচর/চরগোপালপুর/জাঙ্গালিয়া/আলিমাবাদ/ চানপুর/দড়িচর খাজুরিয়া/গোবিন্দপুর/শ্রীপুর ও জয়নগর ইউনিয়ন পরিষদ (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল।
১০। সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,উপজেলা কার্যালয়,মেহেন্দিগঞ্জ,বরিশালকে (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। জনাব ....................................................................
.........................................................................।
১২। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ,বরিশাল।

# মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২২ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যদের হাজিরা

সভার স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ , সময়ঃ সকাল ১১ঃ৩০ ঘটিকা সভার তারিখ:০৮/০৯/২০২২খ্রি.

| ক্রমিক নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | মাননীয় সংসদ সদস্য-১২২,বরিশাল-৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ) নির্বাচনী এলাকা। | |
| ০২। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ০৩। | উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ০৪। | মেয়র,মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ০৫। | সহকারী কমিশনার (ভূমি), মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ০৬। | ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ০৭। | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ০৮। | প্রশাসক বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ০৯। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ১০। | উপজেলা কৃষি অফিসার মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ১১। | উপজেলা প্রানিসম্পদ অফিসার মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ১২। | অফিসার-ইন-চার্জ মেহেন্দিগঞ্জ থানা , বরিশাল। | |
| ১৩। | অফিসার-ইন-চার্জ কাজিরহাট থানা , মেহেন্দিগঞ্জ, বরিশাল। | |
| ১৪। | উপজেলা মৎস্য অফিসার মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ১৫। | উপজেলা প্রকৌশলী(এল,জি,ই,ডি) মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ১৬। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ১৭। | উপজেলা শিক্ষা অফিসার মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ১৮। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ১৯। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ২০। | উপজেলা সমাজসেবা অফিসার মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |

| ক্রমিক নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ২১। | উপজেলা সমবায় অফিসার<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ২২। | সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস,<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ২৩। | উপজেলা হিসাব রক্ষণ অফিসার<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ২৪। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | [signature] |
| ২৫। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | [signature] |
| ২৬। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | |
| ২৭। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | |
| ২৮। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | [signature] ০৮/০৯/22 |
| ২৯। | উপজেলা নির্বাচন অফিসার<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ৩০। | সাব-রেজিস্টার<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল | |
| ৩১। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | [signature] 08.09.22 |
| ৩২। | উপজেলা পরিসংখ্যান অফিসার<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | [signature] 08.09.2022 |
| ৩৩। | শাখা ব্যবস্থাপক/উপজেলা সমন্বয়কারী,<br>পল্লী সঞ্চয় ব্যাংক, মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ৩৪। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | [signature] |
| ৩৫। | সহকারী জেনারেল ম্যানেজার<br>মেহেন্দিগঞ্জ জোনাল অফিস, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ | |
| ৩৬। | উপজেলা বন কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | [signature] ০৮/০৯/22 |
| ৩৭। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | [signature] 08.9.22 |
| ৩৮। | উপজেলা ফায়ার সার্ভিস কর্মকর্তা<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ৩৯। | সহকারী সেটেলমেন্ট অফিসার<br>মেহেন্দিগঞ্জ,বরিশাল। | |
| ৪০। | [illegible] | [signature] |
| ৪১। | | |

# মেহেন্দিগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২২ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যদের হাজিরা

সভার স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ ,  সময়ঃ সকাল ১১ঃ৩০ ঘটিকা

সভার তারিখ:০৮/০৯/২০২২খ্রি.

| ক্রমিক নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান,আন্দারমানিক ইউনিয়ন পরিষদ | |
| ০২। | চেয়ারম্যান,লতা ইউনিয়ন পরিষদ | |
| ০৩। | চেয়ারম্যান,চরএককরিয়া ইউনিয়ন পরিষদ | |
| ০৪। | চেয়ারম্যান, উত্তর উলানিয়া ইউনিয়ন পরিষদ | |
| ০৫। | চেয়ারম্যান, দক্ষিণ উলানিয়া ইউনিয়ন পরিষদ | |
| ০৬। | চেয়ারম্যান,মেহেন্দিগঞ্জ ইউনিয়ন পরিষদ | |
| ০৭। | চেয়ারম্যান,বিদ্যানন্দপুর ইউনিয়ন পরিষদ | |
| ০৮। | চেয়ারম্যান,ভাষানচর ইউনিয়ন পরিষদ | |
| ০৯। | চেয়ারম্যান,চরগোপালপুর ইউনিয়ন পরিষদ | |
| ১০। | চেয়ারম্যান,জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদ | |
| ১১। | চেয়ারম্যান,আলিমাবাদ ইউনিয়ন পরিষদ | |
| ১২। | চেয়ারম্যান,চানপুর ইউনিয়ন পরিষদ | |
| ১৩। | চেয়ারম্যান,দরিচরখাজুরিয়া ইউনিয়ন পরিষদ | |
| ১৪। | চেয়ারম্যান,গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ | |
| ১৫। | চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন পরিষদ | |
| ১৬। | চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ | |
| ১৭। | মিতা রানী দাস, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ,বরিশাল | |
| ১৮। | মোসাঃ ফিরোজা বেগম, ৩নং চরএককরিয়া ইউনিয়ন পরিষদ | |
| ১৯। | মোসাঃ আইরিন পারভীন, ৪ নং উলানিয়া ইউনিয়ন পরিষদ | |
| ২০। | মোসাঃ খাদিজা বেগম, ৬নং বিদ্যানন্দপুর ইউনিয়ন পরিষদ | |
| ২১। | মোসাঃ হেলেনা বেগম, ৯নং জাঙ্গালিয়া ইউনিয়ন পরিষদ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেহেন্দিগঞ্জ, বরিশাল
www.mehendiganj.barishal.gov.bd

মেহেন্দিগঞ্জ উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সেপ্টেম্বর-২০২২খ্রি: মাসের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ, কে, এম মাহফুজ-উল-আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল |
| স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, মেহেন্দিগঞ্জ, বরিশাল |
| তারিখ | : | ০৮ সেপ্টেম্বর ২০২২খ্রি. |
| সময় | : | সকাল ১১:৩০ ঘটিকা |

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং উহাতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (১) উপজেলা প্রকৌশল অফিস | ১.১ উপজেলা প্রকৌশলী জানান যে, ইউজিডিপি প্রকল্প এর আওতাধীন ২০২০-২১ অর্থবছরের বাস্তবায়িত প্রকল্প এর সমাপ্তি নিয়ে আলোচনা করেন। সভায় জানানো হয় যে, প্যাকেজ নং ১ INF-২০২০-২১-১০০৬৬২-০১-মেহেন্দিগঞ্জ উপজেলার জাঙ্গালিয়া কমিউনিটি ক্লিনিক, শ্রীপুর কমিউনিটি ক্লিনিক এবং চরগোপালপুর ইউনিয়ন স্বাস্থ্য উপকেন্দ্র নির্মাণ কাজটি সমাপ্তি হয়েছে। ঠিকাদার প্যাকেজ নং INF-২০১৯-২১-১০০৬৬২-০১ কাজের চূড়ান্ত বিল পাওয়ার জন্য আবেদন করেছেন । | ১.১.১ সভায় উপজেলা প্রকৌশলী মহোদয় কর্তৃক উপস্থাপিত বক্তব্যে সন্তোষ প্রকাশ করা হয় এবং ইউজিডিপি প্রকল্প এর আওতাধীন ২০২০-২১ অর্থবছরের উপস্থাপিত চূড়ান্ত বিল-প্যাকেজ নং ১ INF-২০২০-২১-১০০৬৬২-০১ এর নোট চূড়ান্ত বিল ভ্যাট-ট্যাক্সসহ=২৩,০৪,৯৯৯/- (তেইশ লক্ষ চার হাজার নয়শত নিরানব্বই) সভায় অনুমোদন দেয়া হয় এবং তাকে প্রকল্পের নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাসহ প্রকল্পের প্রধান অফিসে পাঠানোর জন্য অনুরোধ করা হয়। |
| (২) উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস | ২.১ উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে,তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৩) উপজেলা সমাজসেবা অফিস | ৩.১ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৪) উপজেলা কৃষি অফিস | ৪.১ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৪.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৫) উপজেলা প্রাণিসম্পদ অফিস | ৫.১ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৫.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |

(চলমান পাতা-০২)

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (৬) উপজেলা মৎস্য অফিস | ৬.১ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, নতুন জেলে নিবন্ধন ও পুরাতন জেলে তালিকা হালনাগাদের কাজ চলছে। পুরাতন তালিকায় থাকা অজেলে, পেশা পরিবর্তনকারী জেলে এবং মৃত জেলেদের বাদ দিয়ে একটি সুন্দর ও নিরপেক্ষ জেলে তালিকা তৈরি করা হবে। এ ব্যাপারে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন মৎস্যজীবি সমিতির প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। এছাড়া যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগন ভিজিএফ বিতরণের মাষ্টাররোল জমা দেননি তাহাদেরকে দ্রুত মাষ্টাররোল জমাদানের জন্য সভায় অনুরোধ জানান। ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ রক্ষায় অক্টোবর ২০২২ মাসে মা ইলিশ রক্ষা অভিযান শুরু হবে। এ সময় সারাদেশে ইলিশ আহরণ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয়, পরিবহণ, মজুদ, বিনিময় নিষিদ্ধ থাকবে। এ উপলক্ষ্যে উপজেলা টাস্কফোর্স কমিটির সভা করে বিভিন্ন কার্যক্রম হাতে নেয়া হবে। তিনি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ও সদস্যবৃন্দের আগাম সহযোগীতা কামনা করেন। | ৬.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জেলে তালিকা হালনাগাদের ব্যাপারে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন মৎস্যজীবি সমিতির প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকল-কে সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হয়। এছাড়া ভিজিএফ বিতরণের মাষ্টাররোল যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এখনো জমা দেয়নি তাদেরকে দ্রুত মাষ্টাররোল জমাদানের জন্য সভায় অনুরোধ করা হয় । এছাড়া ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ রক্ষা অভিযানের সময় ইলিশ আহরণ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয়, পরিবহণ, মজুদ, বিনিময় না করার জন্য সভায় সকলকে অনুরোধ জানান হয়। |
| (৭) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ৭.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৭.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকল্প ও বাস্তবায়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (৮) উপজেলা যুব উন্নয়ন অফিস | ৮.১ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৮.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| ৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৯.১ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ৯.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১০) উপজেলা শিক্ষা অফিস | ১০.১ উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১০.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১১) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | ১১.১ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প এর আওতায় প্রতি ইউনিয়নে ২৬টি গভীর নলকূপ এর বরাদ্দ পাওয়া যায়। যার ৫০% মাননীয় সংসদ সদস্য মহোদয় ও ৫০% ইউনিয়ন ওয়াটসন কমিটি প্রদান করবে। উল্লেখ্য ইউনিয়ন ওয়াটসন কমিটির তালিকা উপজেলা ওয়াটসন কমিটি কমিটির তালিকা উপজেলা ওয়াটসন কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে এবং তালিকা অক্টোবর মাসের মধ্যে প্রধান প্রকৌশলীর দপ্তর এ প্রেরণ করতে হবে বলে সভায় জানান। ২০২১-২২ অর্থবছর এর স্থাননির্বাচন তালিকা যে সকল ইউনিয়ন প্রদান করেন নাই তাদের তালিকা দাখিল করার জন্য সভায় অনুরোধ জানান। | ১১.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১২) উপজেলা সমবায় অফিস | ১২.১ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১২.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (১৩) উপজেলা মহিলা বিষয়ক অফিস | ১৩.১ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৩.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৪) উপজেলা তথ্যসেবা অফিস | ১৪.১ উপজেলা তথ্যআপা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৪.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা তথ্যআপা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৫) উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ১৫.১ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৫.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৬) উপজেলা পরিসংখ্যান অফিস | ১৬.১ উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৬.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (১৭) উপজেলা ফায়ার সার্ভিস অফিস | ১৭.১ উপজেলা ফায়ার সার্ভিস অফিসের প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৭.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা ফায়ার সার্ভিস অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৮) উপজেলা আনসার ও ভিডিপি অফিস | ১৮.১ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১৮.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (১৯) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | ১৯.১ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলার খাদ্য গুদামের মজুদ পরিস্থিতি নিম্নরূপ :-<br>(ক) ধান: ৫৮৫.৬৪২ মেঃ টনঃ<br>(খ) চাল: ১৬৯.৪৪০ মেঃ টনঃ<br>(গ) গম - নাই<br>সংগ্রহ : খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় সেপ্টেম্বর/২২ মাসে কার্ড প্রতি ৩০কেজি করে ১৫/-টাকা মূল্যের চাল বিক্রয় কার্যক্রম চলিতেছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলিতেছে। | ১৯.১.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় চাল বিক্রয় কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল- কে সভায় অনুরোধ জানান হয়। |
| (২০) উপজেলা বন বিভাগ | ২০.১ ফরেস্টার, সামাজিক বন বিভাগ সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২০.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ফরেস্টার, সামাজিক বন বিভাগ, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধ করা হয়। |
| (২১) পল্লী সঞ্চয় ব্যাংক | ২১.১ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২১.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |
| (২২) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ২২.১ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ২২.১.১ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশালকে অনুরোধ করা হয়। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (২৩) বিবিধ-১ | (১) জনাব এ.কে.এম মাহফুজ-উল-আলম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর সেপ্টেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ৪০,০০০/- টাকা<br>(২) জনাব এ. কে. এম মাহফুজ-উল-আলম চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর সেপ্টেম্বর-২০২২ মাসের বাসা ভাড়া বাবদ ৫,০০০/- টাকা।<br>(৩) জনাব মোঃ খোরশেদ আলম (ভুলু), ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর সেপ্টেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- টাকা।<br>(৪) জনাব রওমান বিনতে শফিকুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর সেপ্টেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-টাকা।<br>(৫) উপজেলা পরিষদের বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/-টাকা।<br>(৬) উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/-টাকা।<br>(৭) উপজেলা পরিষদের আনুষাঙ্গিক বিল ৫,০০০/-টাকা।<br>(৮) উপজেলা পরিষদ এর মালি, জনাব মো: মোজাম্মেল হোসেন এর সেপ্টেম্বর-২০২২ মাসের মজুরী বাবদ ১৬,৫০০/- টাকা।<br>(৯) উপজেলা পরিষদ কার্যালয়ের জুলাই/২০২২খ্রি: থেকে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত সময়ের জীপ গাড়ীর জ্বালানী বাবদ ৮৭,৩৭৫/- | ২৩.১.১ সভায় দাখিলকৃত বিলসমূহ অনুমোদন করা হয় এবং বিলের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |
| (২৩) বিবিধ-২ | (২৩) বিবিধ-২.১ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ডরমিটরী ভবণে পানির লাইনের পাইপ ছিদ্র হইয়া-দুর্গন্ধ পানি ট্যাংকিতে উঠার ফলে মটর বিকল হলে ডরমিটরী ভবনে বসবাসকারী কর্মকর্তা-কর্মচারীগণ পানির অভাবে অনেক দুর্ভোগ/কষ্ট পোহাতে হয়। নিম্নস্বাক্ষরকারি মৌখিক নির্দেশ মোতাবেক জরুরিভিত্তিতে পানির লাইন মেরামত/সংস্কার, পানির টেংকি পরিষ্কার ও মটর মেরামত করা হয়েছে। পানির লাইন মেরামত/সংস্কার, পানির ট্যাংকি পরিষ্কার ও মটর মেরামত করার ব্যয় বাবদ ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচ শত) টাকা ব্যয় হয়েছে। উক্ত কাজের বিলের অর্থ পরিশোধের জন্য বিল/ভাউচার দাখিল করেছেন। | ২৩.২.১ সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত কাজের দাখিলকৃত বিলসমূহ অনুমোদন করা হয় এবং ব্যয়িত ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচ শত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (২৩) বিবিধ-৩ | (২৩) বিবিধ-৩.১ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, এ কার্যালয়ের ০১/০৬/২০২২ খ্রি: তারিখের ৪৯৬ নম্বর স্মারকে দক্ষিণ উলানিয়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ডে জনাব লিটন হোসেন রাড়ী, পিতা : মোহাম্মদ আলী রাড়ী, গ্রাম : রাজাপুর, পোস্ট অফিস : চানপুর, উপজেলা: মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে নিয়োগপত্র প্রদান করা হয়েছিল কিন্তু তার জন্ম তারিখে গড়মিল থাকায় অর্থ্যাৎ তার বয়স ৩০ বৎরের বেশি হওয়ায় তাকে যোগদানপত্র প্রদান করা হয়নি। জনাব লিটন হোসেন রাড়ী এর নিয়োগ বাতিলসহ উক্ত ওয়ার্ডে অপেক্ষমান তালিকায় উল্লেখিত জনাব মোঃ সিপন মাঝি, পিতা : মোঃ আলমগীর মাঝি, মাতা: কহিনুর বেগম, গ্রাম: রাজাপুর, পোস্ট অফিস: চানপুর, মেহেন্দিগঞ্জ-কে মহল্লাদার পদের নিয়োগপত্র প্রদান করার জন্য গত ১১/০৮/২০২২ খ্রি: তারিখে উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্তমতে, উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব লিটন হোসেন রাড়ী এর নিয়োগ বাতিল করে তদস্থলে মহল্লাদার হিসেবে অপেক্ষমান তালিকার জনাব মোঃ সিপন মাঝি, পিতা: মোঃ আলমগীর মাঝি, মাতা: কহিনুর বেগম, গ্রাম: রাজাপুর, পোস্ট অফিস: চানপুর, মেহেন্দিগঞ্জ-কে নিয়োগপত্র দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছিল কিন্তু চেয়ারম্যান, দক্ষিণ উলানিয়া ইউনিয়ন পরিষদ, মেহেন্দিগঞ্জ এর কার্যালয়ের ০৮/০৯/২০২২ খ্রি: তারিখের পত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের মহল্লাদার হিসেবে অপেক্ষমান তালিকায় উল্লেখিত প্রার্থী জনাব মোঃ সিপন মাঝি ০১নং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা নন। সংশ্লিষ্ট চেয়ারম্যান সাহেব অপেক্ষমান তালিকায় উল্লেখিত প্রার্থী জনাব মোঃ সিপন মাঝি-কে নিয়োগপত্র না দিয়ে উক্ত ওয়ার্ডে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা প্রস্তাব করেন। | ২৩.৩.১ সভায় উক্ত বিষয় বিস্তারিত আলোচনান্তে যেহেতু, জনাব মোঃ সিপন মাঝি, পিতা : মোঃ আলমগীর মাঝি, মাতা: কহিনুর বেগম, গ্রাম: রাজাপুর, পোস্ট অফিস: চানপুর, মেহেন্দিগঞ্জ, বরিশাল দক্ষিণ উলানিয়া ইউনিয়নের ০১ ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা নন। সেহেতু, জনাব মোঃ সিপন মাঝি এর নিয়োগ বাতিল করে সংশ্লিষ্ট ওয়ার্ডে মহল্লাদার পদ শূন্য ঘোষণাসহ উক্ত ওয়ার্ডে মহল্লাদার পদে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। |

(চলমান পাতা-০৫)

| নম্বর | আলোচনা | সিদ্ধান্ত/বাস্তবায়ন |
|---|---|---|
| (২৩) বিবিধ-৪ | (২৩) বিবিধ-৪.১ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রজেই-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৯/০৪/২০০৩ খ্রি: তারিখের প্রজেই-২/ফ-১/ ২০০৩/২৬২(৫২৭২) নম্বর স্মারক পত্রে ফেরিঘাট/খেয়াঘাট ইজারা বন্দোবস্ত প্রদান সম্পর্কে নীতিমালার নির্দেশনা পুঙ্খানুপুঙ্খভাবে পাঠ করে শুনান । তিনি সভায় জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলায় এর পূর্বে কোন সময়ই উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে ফেরিঘাট/খেয়াঘাট ইজারা বন্দোবস্ত কার্যক্রম পরিচালানা করা হয়নি। তবে কয়েকটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ কয়েকটি ফেরি/খেয়াঘাট ইজারা বন্দোবস্ত প্রদান করেছেন, যা আইনসিদ্ধ হয়নি। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে, ফেরি/ খেয়াঘাটগুলো ইজারা কার্যক্রম বিধিগতভাবে আইনের আওতায় আনয়ণ এবং উপজেলা পরিষদের তহবিলে আয় বৃদ্ধি করার জন্য জরুরিভিত্তিতে তালিকাভুক্ত ২১ (একুশ)টি ফেরি/খেয়াঘাটের ইজারা বিজ্ঞপ্তি প্রদান করা প্রয়োজন। তিনি সভায় আরও জানান যে, মেহেন্দিগঞ্জ উপজেলায় কয়েকটি ফেরি/খেয়াঘাট বরিশাল জেলা পরিষদ থেকে ইজারা দেয়া হয়। বরিশাল জেলা পরিষদ থেকে যে কয়টি ফেরি/খেয়াঘাটের ইজারা প্রদান করা হয়, সে কয়টি ফেরি/খেয়াঘাটের মালিকানা স্বত্ব সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট প্রতিবেদন চাওয়া হয়েছে। প্রতিবেদন পাওয়া গেলে এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, বরিশাল মহোদয়ের নির্দেশনার জন্য পত্র দেয়া হবে। | ২৩.৪.১ সভায় উক্ত বিষয় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রজেই-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৯/০৪/২০০৩ খ্রি: তারিখের প্রজেই-২/ফ-১/ ২০০৩/২৬২(৫২৭২) নম্বর স্মারক পত্রে ফেরিঘাট/খেয়াঘাট ইজারা বন্দোবস্ত প্রদান সম্পর্কে নীতিমালার নির্দেশনার আলোকে মেহেন্দিগঞ্জ উপজেলায় ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। |
| (২৩) বিবিধ-৫ | (২৩) বিবিধ-৫.১ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১৬ ফেব্রুয়ারী ২০২০খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে প্রেরিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ০৫নং ক্রমিকের অনুচ্ছেদ-৩ এর (গ) মোতাবেক রাজস্ব তহবিলে অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরে ৩০ জুনের পর উন্নয়ন তহবিলে জমা করতে হবে। সে লক্ষে ২০২১-২০২২ অর্থ বছরে ৩০ জুন উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে অবশিষ্ট টাকার পরিমাণ ১,৫০,১৫,৪২১/- (এক কোটি পঞ্চাশ লক্ষ পনের হাজার চারশত একুশ) টাকা । উল্লেখ্য যে, ইতোপূর্বে উপজেলা নির্বাহী অফিসারের সার্বক্ষনিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের জন্য ব্যারাক নির্মাণ কাজের টেন্ডার কার্যক্রম সমাপ্ত হওয়ায় উক্ত প্রকল্পের ব্যয় বাবদ ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা রেখে অবশিষ্ট ১,৩৫,১৫,৪২১/- (এক কোটি পয়ত্রিশ লক্ষ পনের হাজার চারশত একুশ) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তরের জন্য বলা হয়। | ২৩.৫.১ এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের অব্যয়িত ১,৩৫,১৫,৪২১/- (এক কোটি পয়ত্রিশ লক্ষ পনের হাজার চারশত একুশ) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তরের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল-কে অনুরোধসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। |

অত:পর সভার সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান এঁর উপর অর্পিত দায়িত্ব-কর্তব্য যথাযথভাবে পালন, জনগণকে দ্রুত কাঙ্খিত সেবা প্রদান এবং পরিষদের কার্যক্রম আরও গতিশীল করার আশাবাদ ব্যক্ত করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ ,কে, এম মাহফুজ-উল-আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেহেন্দিগঞ্জ, বরিশাল
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি

স্মারক নম্বর: ০৫.১০.০৬৬২.০০৮.০১.০০৬.২২-৭২৮(১০০) তারিখ : ০৮/০৯/২০২২খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

০১। মাননীয় সংসদ সদস্য,নির্বাচনী এলাকা ১২২, বরিশাল-০৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ), বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল বিভাগ, বরিশাল
০৪। জেলা প্রশাসক, বরিশাল
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৬। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল
০৯। প্রশাসক, উপজেলা কমান্ড কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
১০। উপজেলা------------------------------------------------------------অফিসার (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল
১১। চেয়ারম্যান-------------------------------------------------------ইউনিয়ন পরিষদ (সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল
১২। জনাব-----------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------

০৮/০৯/২২

(মো: নুরুননবী)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল।